# জরুরি দরখারি সুফারিশর লাগি রুগির বেফারে তইথ্য

## ই তইথ্য পত্রটায় ব্যাখ্যা করে যে আপনার GP কেনে আপনারে হাসপাতালও ভর্তির সুপারিশ করছ্‌ইন আর আপনারে কিতা কিতা করতে অইবো

**আমারে জরুরিবাবে ব্রেস্ট ইউনিটও রেফার করা অইছে খেনে?**
আফনার GP য়ে মনো খরের যে আফনার ব্রেস্ট ক্যান্সাররে উরাই দেওয়ার লাগি আরও বেশি কিছু তদন্ত করার দরখার আছে। আফনার GP জাতীয় নিয়মহখল মানিয়া গেছে যেটায় কয় যে রুগি হখলরে জলদিন চিকিৎসা নিয়ে অইব।

**ইটার মানে ইটা নি যে আফনার ব্রেস্ট ক্যান্সার অইছে?**
জরুরির দরখারি রেফারেল থাখার মানে ইটা নায় যে আফনার ক্যান্সার আছে। জরুরি দরখারর সুফারিশর বেশিরবাগর ক্যান্সার থাকে না। তবে, আফনার ব্রেস্টর বেমারর কারণ তুকাইয়া বার করতে আফনারে আরও জলদিন একজন স্পেশালিস্টর লগে দেখা করতে অইবো বা কিছু তদন্ত করতে অইবো এর কারণে আফনারে রেফার করা অইছে। ক্যান্সার যদি অইয়াও থাখে তাইলে আগেবাগে বার করিলাওয়ার মানে চিকিৎসা বেশি করিয়া কাম করার সম্বাবনা থাখবো। অতারলাগি, রেফার করার4 সফতার মাজে আফনারে দেখা জরুরি।

**আমারে কিতা করতে অইব?**

- আফনার কুনো মোবাইল নম্বর থাখলে ইটাসহ আফনার GP-র কাছে আফনার ঠিক ঠিকানা আর টেলিফোন নম্বর আছে যে অটা নিশ্চিত করইন।
- **ই রেফারেলটা জরুরি দরখারি। দয়া করিয়া নিশ্চিত করইন যে আফনে একটা অ্যাপয়েন্টমেন্টর লাগি ফরর 28 দিনর** মাজে ফ্রি আছ্‌ইন। আফনে যদি ফরর 4 সফতার মাজে কুনো সাক্কাতখারর আইতে না ফারইন তাইলে দয়া করিয়া আফনার GP-রে কইন।
- আফনার যদি অনুবাদ কররার দরখার অয়, কুনো দরখারি সুবিদা ফাইতে ছাইন বা আফনে যদি কুনো মহিলা পরামর্শদেওরা ছাইন, তাইলে দয়া করিয়া হসপিটালরে ই কথা আফনার সাক্কাতখারর আগে জানাইন।
- আফনার জরুরি দরখারর সাক্কাতখারত রাজি অইলে ইটাত আওয়া আফনার লাগি দরখারি, যাতে দেরি না অয়।
- আফনে যদি আফনার সাক্কাতখারও আইতে না ফারইন তাইলে দয়া করিয়া লগেলগে হসপিটালরে জানাইন আর তাইলে একটা আলাদা বেবস্থা করা যাইতে ফারে।
- আফনে দুইবার আফনার হসপিটালর সাক্কাতখারও না আইয়া থাখলে আফনারে আফনার GP-র কাছে ফিরত ফাটানি অইবো। ইটা অউ কারনে করা অইবো যাতে অইন্য কেউ সাক্কাতখার ফাইতে ফারে

**এরফরে কিতা অইবো?**
হসপিটালর ব্রেস্ট ইউনিটে আফনারে ডাক, টেলিফোন, অতবা টেক্সটর মাদ্দমে আফনার অ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে জানাইবো। আফনে যদি আফনার GP-রে দেখার এক সফতার মাজে তারার কাছে তাকি কুনো যুগাযুগ না ফাইয়া থাখইন তাইলে দয়া করিয়া আফনার GP প্র্যাকটিছর লগে যুগাযুগ করইন। বা, আফনে যদি জানইন যে আফনারে কুন হসপিটালরও সুফারিশ করা অইছে তাইলে আফনে তারার পেশেন্ট অ্যাডভাইস অ্যান্ড লিয়াজন সার্ভিসেস (PALS) বিবাগও যুগাযুগ করতে ফারইন।

সাপোর্ট দেওয়ার লাগি অথবা মেডিকেল টিম আফনার লগে কিতা আলোচনা করবা হিখান বোঝার বিষয়ে আফনার চিন্তা থাকলে আফনে সাক্কাতখারও আফনার লগে কোনু বন্ধু বা পরিবারর সদস্যরে আনতা পারইন। দর্শনার্থী সম্পর্কিত নির্দেশিকার লাগি দয়া করিয়া আফনার সাক্কাতখার পত্র দেখি লাইন।

## আমার সাক্কাতখারও কিতা অইব?

ব্রেস্ট ক্লিনিকও ফউছাইয়া রিসেপশনও আফনারে রেজিস্টার করতে অইব। তারফরে আফনারে একজন চিকিৎসক অতবা নার্সে দেখবা যেইন ব্রেস্ট বেমারর বেফারে বিশেষজ্ঞ আর আফনার যেকুনো চিন্তার বিষয় হুনবা। তারা আফনার লক্ষণর বেফারে জানতে ছাইবা, আফনারে ফরিক্কা করবা আর কিছু ফরিক্কার বেবস্তা করবা। ব্রেস্ট টিম অ্যাপয়েন্টমেন্টর দিনকু হখল ফরিক্কা করাইতে ছাইবা, যার দরুন আফনারে সাক্কাতখারর লাগি তিন ঘন্টা সময় দিতে অইবো।

আফনার ভিজিটর তিনটি অংশ থাখবো:

1. আফনার লক্ষণহখল লইয়া আলছনা করতে আর শারীরিক ফরিক্কা করার লাগি আফনার চিকিৎসক অতবা নার্সর লগে দেখা খরা।
2. ব্রেস্ট(হখল)-র ইমেজিং। যে ইমেজিং ফরিক্কা করতে অইবো তার টাইপ বেশিরবাগ সময় বয়সর উফরে নিরবর খরে। 40 বছরর বেশি বয়সী বেটিনতরলাগি সাদারণত ম্যামোগ্রাম (ব্রেস্টর একটা এক্স-রে) করা অয়। আল্ট্রাসাউন্ড স্ক্যানর (গরম জেলি দিয়া কভার করা একটা প্রোব যেটা ব্রেস্টর উফরে দিয়া ছালানি অয়) দরখার অইতে ফারে। 40 বছরর কম বয়সী বেটিনতর লাগি সাদারণত খালি আল্ট্রাসাউন্ড স্ক্যান করানিরউ ফরামর্শ দেওয়া অয়। মাজে মাজে 40 বছরর কম বয়সী বেটিনতর ম্যামোগ্রামর দরখার অয়।
3. আফনার ফরিক্কা আর ইমেজিং অর রেজালটর উফরে নিরবর করে বায়োপসি (ব্রেস্ট সেলস বা টিস্যুর হুরু নমুনা) খরা অইতে ফারে। চিকিৎসক/নার্স অউদিন ই ফদ্ধতির বেফারে আরও বুজাইয়া কইবা।

আফনার সাক্কাতখারর সময় আফনারে কোমর তাকি উফরর বাজুবায়দি কাফর খুলতে কওয়া অইবো আর অতারলাগি আমরা আফনারে স্কার্ট বা ট্রাউজারয়ালা টপর লাখান আলাদা কাফর ফরার ফরামর্শ দেই। ডিওডোরেন্ট আর ট্যালকম পাউডার ম্যামোগ্রামর কোয়ালিটিরে বেরাছেরা করতে ফারে, অতারলাগি আফনার সাক্কাতখারর দিন দয়া করিয়া করে ইগুন ব্যবহার করবা না। অতবা ম্যামোগ্রামর দরখার অইলে ইগুন দইলাইতা ফারইন।

## আমি আমার রেজাল্ট কুমবালা ফাইমু?

ইমেজিংয়র রেজাল্ট (ম্যামোগ্রাম আর/অতবা আল্ট্রাসাউন্ড স্ক্যান) সাদারণত ক্লিনিকও থাখলে ফাওয়া যায়। আফনার যদিন বায়োপসি করা অয় তাইলে আফনারে আনুমানিক ফরর সফতাত রেজাল্টর লাগি আইতে কওয়া অইবো।

## কুনো প্রশ্ন আছেনি?

হসপিটালরও আফনার রেফারেলর বেফারে আফনার কুনো ছিন্তা বা প্রশ্ন থাখলে, দয়া করিয়া আফনার GP-র লগে যুগাযুগ করইন।

## আরো তইথ্য

আফনে করার নিয়ম আর অ্যাপয়েন্টমেন্টর তইথ্যর বিস্তারিত বয়ানর লাগি নিছর ওয়েবসাইটটা অ্যাক্সেস খরতে ফারইন বা ব্রেস্ট ক্যান্সার নাও হেল্পলাইনর 0808 800 6000 নম্বর কল করইন।

**ব্রেস্ট ক্যান্সার নাও** https://breastcancernow.org/information-support/facing-breast-cancer/mammogram-breast-ultrasound

ই লিফলেটটা লন্ডন পেশেন্ট গ্রুপ আর ট্রান্সফর্মিং ক্যান্সার সার্ভিসেস টিম ফর লন্ডন এ আপডেট করছে।

**আফনার তদন্ত আর ফলাফলর লাগি একটা আনুমানিক টাইমলাইন নিছে দেওয়া অইছে, তবে আফনার লক্ষণহখল জটিল অইলে বা আফনার একর বেশি ফরিক্কার দরখার অইলে ইটা আরও লম্বা অইতে ফারে।**

ক্যান্সার নির্ণীত বা খারিজ
28 দিন

হসপিটালর সাক্কাতখার
14 দিন

**GP সুফারিশ**

একজন ব্রেস্ট স্পেশালিস্টর লগে সাক্কাতখার আর কিছু ফরিক্কার লাগি আফনার GP য়ে আফনারে হসপিটালর ব্রেস্ট ইউনিটও রেফার করবা

**হসপিটালর সাক্কাতখার**

আফনার লক্ষণহখল লইয়া আলোছনা খরা আর শারীরিক ফরিক্কা খরার লাগি একজন ব্রেস্ট স্পেশালিস্টর লগে আফনার সাক্কাতখার অইবো। আফনে আফনার লগে একজন ফরিবারর সদইস্য বা বন্দু আনতে ফারইন

আফনার GP বা হসপিটালে একজন স্পেশালিস্টর লগে জরুরি সাক্কাতখার আর আফনার সাক্কাতখারর লাগি অ্যাপয়েন্টমেন্টর ব্যবস্থা করবা। দয়া করিয়া ই সাক্কাতখাররে গুরুত্ব দিবা।

**বাড়তি আরও যে ফরিক্কা**

বাড়তি আরও যে ফরিক্কা অইতে ফারে ইগুন অইলো ম্যামোগ্রাম, আল্ট্রাসাউন্ড আর/অতবা বায়োপসি

ব্রেস্ট টিম আফনার লক্ষণহখলর কারণ বার করার লাগি আরও কিছু ফরিক্কার ব্যবস্থা করবো আর অ্যাপয়েন্টমেন্টর দিনকু হখল ফরিক্কা খরার চেষ্টা করবো।

**ফলাফল**

আফনে ক্লিনিকও থাখার সময় ইমেজিংয়র রেজাল্ট সাদারণত ফাওয়া যায়।
বায়োপসির বেলা রেজাল্টর লাগি আফনারে আনুমানিক ফরর সফতাত যুগাযুগ খরা অইবো বা আইতে কওয়া অইবো।

**ক্যান্সার নির্ণয় করা হইছে**

আফনার ক্যানসার ডরা ফড়ছে তা জানানির লাগি আফনার ব্রেস্ট স্পেশালিস্টে আফনার লগে যুগাযুগ করবা আর আফনার কিতা কিতা চিকিৎসা ছলবো অতা লইয়া আলোছনা করবা

আফনার চিকিৎসা আরমবো অইলে আফনে কিতা আশা করতে ফারইন আর কুনানো আফনে আরও সায্য ফাইতে ফারইন ই বেফারে আফনার কুনো প্রশ্ন থাখলে আফনার ক্যানসার কেয়ার টিম আর আফনার GP য়ে অগুনতর উত্তর দিবো।

**ক্যান্সারর সম্ভাবনা খারিজ**

আফনার ব্রেস্ট স্পেশালিস্টে আফনারে জানাইতে লেখবা যে ক্যান্সার বাতিল খরা অইছে আর এর ফরে কিতা অইবো

এরফরেও আফনার এমন কুনো লক্ষণ থাখতে ফারে যেটা ফরিক্কা করিয়া দেখার দরখার ফরতে ফারে আর ইগুন যদিন থাকি যায় বা আরও বেশি খারাফ অবস্থা লইলায় তাইলে আফনারে অবশ্যই আফনার GP-র লগে যুগাযুগ খরতে অইবো।

চিকিৎসা খরার সিদ্ধান্ত
31 দিন

ফয়লা চিকিৎসা
62 দিন